

গণশক্তি

29th January, 2013

বেলভিউয়ে অর্থো-পাইলট

নিজস্ব প্রতিনিধি: কলকাতা, ২৮শে জানুয়ারি— শল্য চিকিৎসায় এবার আরও একধাপ এগোলো বেলভিউ ক্লিনিক। এখন হিপ ও নী (হাঁটু) প্রতিস্থাপনে উন্নত ও সর্বাধুনিক যন্ত্রপাতির ব্যবহার শুরু হলো কলকাতার এই চিকিৎসাকেন্দ্রে। সোমবার বেল ভিউ ক্লিনিকে অর্থো-পাইলট নামে এই সর্বাধুনিক যন্ত্রটি চালু হয়। উপস্থিত ছিলেন বেলভিউ ক্লিনিকের সি ই ও পি ট্যান্ডন এবং ইন্সটিটিউট অব কম্পিউটার-অ্যাসিস্টেড জয়েন্ট রিপ্লেসমেন্ট-এর ডিরেক্টর ডাঃ কৃষ্ণকিরণ। চতুর্থ প্রজন্মের কম্পিউটার-চালিত এই যন্ত্র

পূর্বভারতে প্রথম এখানেই চালু হলো বলে দাবি বেলভিউ কর্তৃপক্ষের। এদিন থেকেই শুরু হলো এই যন্ত্রের ব্যবহার। দুটি শল্য চিকিৎসা এই যন্ত্রের মাধ্যমে সম্ভব করে তুললেন ডাঃ কিরণ এবং ডাঃ সন্তোষ কুমার। উপস্থিত ছিলেন এস এস কে এম হাসপাতালের অর্থোপেডিক বিভাগের প্রধান ডাঃ দিলীপ মজুমদার। চিকিৎসকদের বক্তব্য, পুরোপুরি কম্পিউটারের সাহায্যে নিয়ন্ত্রিত এই অস্ত্রোপচার। হাঁটুর হাড়, হিপ ও পায়ের গোড়ালি প্রতিস্থাপনের কাজ অত্যন্ত নিখুঁতভাবে করা সম্ভব হয়। গোটা প্রক্রিয়াটি অত্যন্ত সহজেই সম্পন্ন হয়, রোগীও অতি দ্রুত সেয়ে ওঠেন বলে বক্তব্য চিকিৎসকদের।